# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ১০ম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ খোশনূর রুবাইয়াৎ, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট।

তারিখ : ১৩-০৩-২০২৫ খ্রিঃ।

সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও অদ্য সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| | | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | |
| ০২ | | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | (ক) আলোচনার শুরুতে প্রতিনিধি,উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>(খ) আলোচনাকালে তিনি আরোও জানান, এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় দরপত্র আহবান করা হয়েছে, ২৪ মার্চ থেকে টেন্ডার লাইভে থাকবে।সময় স্বল্পতা দ্রুত সময়ের মধ্যে কাজ শেষ করা জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২) জুন-২০২৫ এর মধ্যে সকল কাজ শেষ করে বিল পরিশোধ করতে হবে। | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>তিনি জানান, আগামী ১৪ মার্চ ২০২৫ এ ২৬ তম জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন চালু হবে। ঐদিন ০৬-১১ মাস বয়সী শিশুদের লাল ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের একটি নীল ক্যাপসুল খাওয়ানো হবে।ইতোমধ্যে স্বাস্থকর্মী ও সেচ্ছাসেবীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ০৭ টি ইউনিয়নের ১৬৯ টি কেন্দ্রে এ কার্যক্রম পরিচালিত হবে।তিনি গুজব থেকে সকলকে সর্তক থাকার জন্য অনুরোধ জানান | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>১.২) ২৬ তম জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে, তারাবির নামাজে বহুল প্রচার করতে হবে, গুজবের বিষয়ে সকলকে সর্তক থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, ইবতেদায়ী পর্যায়ের ১ম -৩য় শ্রেনীর বই পাওয়া গেছে।এমপিও ভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা গুলোতে শিক্ষকদের বেতন ইএফটির মাধ্যেমে প্রদানের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম চলমান আছে | ১) ইবতেদায়ী পর্যায়ের বই পাওয়া মাত্র দ্রুত মাদ্রাসাগুলোতে বিতরণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>প্রাথমিক পর্যায়ের স্কুলগুলো বই বিতরণ কার্যক্রম শতভাগ সম্পন্ন। আগামী ২০২৬ সনের বইয়ের চাহিদা সংগ্রহক্রমে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। | ১.১। প্রাথমিক পর্যায়ে আগামী বছরে বইয়ের চাহিদা জেলায় প্রেরণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা)কর্মসূচীর ১ম ও ২য় কিস্তির বরাদ্দের অনুকূলে গৃহীত প্রকল্পের গড় অগ্রগতি ৭৫%। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং দ্রুত প্রকল্পের কাজ শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, রবি ২০২৪-২৫ মৌসুমে বোরো লক্ষ্যমাত্র ৫৮৯০ হেক্টর ।বর্তমানে ৫৯৭১ হেক্টর আবাদ হয়েছে ।সার উত্তোলন চলমান বর্তমানে সারের কোন ঘাটতি নেই। তিনি অনাবাদি কৃষি জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে খাল খননের প্রস্তাব করেন । তিনি জানান কৃষি বিভাগ হতে খাল খননের সুযোগ নাই তবে বিএডিসির একটি বড় প্রকল্প সিলেটে আসবে সেখানে খাল খনন অর্ন্তভূক্ত করার প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন, ভরাটকৃত খাল খননের জন্য ডিসি সম্মেলনে প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। তিনি জানান, খাল খনন করা হলে কৃষি জমির টপসয়েল কাটার প্রবনতা কমে যাবে, জলাবদ্ধতা কমবে, বন্যার প্রকোপ কমে যাবে। | ১.১। বিএডিসির আগত প্রকল্পে খাল খনন অর্ন্তভূক্ত করতে হবে, কৃষি জমির টপসয়েল কাটা বন্ধ করতে হবে প্রয়োজনে মোবাইল কোর্ট করতে হবে। ১.২। জাইকা বরাবর খাল খননের জন্য বরাদ্ধ চাওয়া যেতে পারে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, সুরমা নদী ও চেঙ্গের খাল নদীর কিছু নির্দিষ্ট জায়গা মাছের অভয়াশ্রম করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, পবিত্র রমজান মাস উপলক্ষ্যে তাঁর দপ্তরের আওতায় সুলভমূল্যে গরুর দুধ ও ডিম বিক্রি করা হচ্ছে । তিনি জানান, ৩৮ টি ক্ষুদ্র নৃ গোষ্ঠী পরিবারকে বকনা বাছুর প্রদানের নিমিত্ত ইউনিয়ন পরিষদ হতে তালিকা চাওয়া হয়েছে ।তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খাদিমপাড়া, খাদিমনগর ও টুকেরবাজার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন । | ১। ৩৮ টি ক্ষুদ্র নৃ গোষ্ঠী পরিবারকে বকনা বাছুর প্রদানের নিমিত্ত ইউনিয়ন পরিষদ হতে তালিকা দ্রুত প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা বাছাইকৃত তালিকা পাওয়া যায়নি। তিনি দ্রুত তালিকা দাখিলের প্রস্তাব করেন। | ১.১) দ্রুত বয়স্ক ভাতা, বিধবা ভাতার অনলাইনে প্রাপ্ত আবেদন তালিকা সংশ্লিষ্ট ইউনিয়নের বরাদ্দ অনুসারে বাছাই করে প্রাথমিক তালিকা উপজেলায় দাখিল করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুন নির্মাণে জরুরী সহায়তা প্রকল্প এর বরাদ্ধ ইতোমধ্যেই সকল ইউনিয়ন হতে প্রাপ্ত তালিকা ইউএনডিপি কর্তৃক মাঠ পর্যায়ে উপকারভোগীর তালিকা অত্র দপ্তর পুন: যাচাইপূর্বক ত্রুটিযুক্ত তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের নিকট প্রেরণ করা হয়েছে। তাছাড়া সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্ধকৃত ৮৪টি তালিকা সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে । বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুন:নির্মাণে জরুরী সহায়তা প্রকল্প অধীন ত্রুটিযুক্ত তালিকা পরিবর্তন করে দ্রুত নতুন উপকারভোগীর তালিকা প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১। বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুন:নির্মাণে জরুরী সহায়তা প্রকল্প অধীন ত্রুটিযুক্ত তালিকা পরিবর্তন করে দ্রুত নতুন উপকারভোগীর তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) সিলেট সদর, সিলেট। |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় বৃক্ষ রোপনে বিভিন্ন ক্যাটাগরিতে জাতীয় পুরষ্কার প্রদান সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ১.১। বৃক্ষ রোপনে জাতীয় পুরষ্কারের বিষয়ে বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্ট রেঞ্জার ও সিলেট সদর, সিলেট। |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি উপজেলা যুব উন্নয়ন অফিসে পানির সমস্যা সমাধানের জন্য পুণরায় প্রস্তব উপস্থাপন করেন। | ১.১) পানির সমস্যা সমাধানে উপজেলা প্রকৌশলী দৃষ্টি আকর্ষণ করা হয় ।বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান ভোটার তালিকা হালনাগাদের মাঠ পর্যায়ের কার্যক্রম শেষ। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ০৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের পুণ:গঠিত ১৭ টি কমিটি দ্বি মাসিক সভা নিয়মিত আহবানের প্রস্তাব উপস্থাপন করেন এবং সভার কাযবিবরণী ওয়েব সাইটে আপলোড করা জন্য আইসিটি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন । | উপজেলা পরিষদের ১৭ টি কমিটি দ্বি মাসিকসভা নিয়মিত আহবান এবং সভার কাযবিবরণী ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয় । | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ০৪ নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন-২০২৩ নিয়ে সভায় আলোচনা হয়। | | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৫ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৬ বিবিধ | বিবিধ-১:-আলোচনাকালে চেয়ারম্যান ০১ নং জালালাবাদ ইউপি জানান, বিগত ২৫/০২/২০২৫ খ্রি: তারিখ রাত ১০.০০ ঘটিকায় জালালাবাদ ইউপিস্থ ইসলামগঞ্জবাজারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ভয়াবহ অগ্নিকান্ডে তিনটি দোকান পুড়ে ছাই হয়ে গেছে।তিনি ক্ষতিগ্রস্থ দোকান মালিককে আর্থিক সাহায্য প্রদানের প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>বিবিধ-০২:-আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের মাদার মিটারের ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত সময়ের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ-২,৮৬.৮৯৫/- (দুই লক্ষ ছিয়াশি হাজার আটশত পঁচানব্বই) টাকার বিল পাওয়া গেছে। তিনি উক্ত বিল অদ্য সভায় অনুমোদন ও বিল পরিশোধের প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>বিবিধ-০৩:- আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ অডিটরিয়ামের ভিতরে রং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন।<br>উপজেলা প্রকৌলশী, সিলেট সদর, সিলেট উপজেলা পরিষদ অডিটরিয়ামের ভিতরের অংশে রং করা বাবদ ৭০,০০০/-(সত্তর হাজার) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। তিনি উক্ত প্রাক্কলন অনুমোদন ও বিল ভাউচারের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব উপস্থাপন করেন। | ০১) সভায় সর্বসম্মতিক্রমে জালালাবাদ ইউপিস্থ ইসলামগঞ্জবাজারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ভয়াবহ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ তিনটি দোকান মালিককে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১০,০০০/-(দশ হাজার) টাকা হারে নগদ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাদার মিটারের ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত সময়ের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ-২,৮৬.৮৯৫/- (দুই লক্ষ ছিয়াশি হাজার আটশত পঁচানব্বই) টাকার বিল অনুমোদিত হয় এবং পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ অডিটরিয়ামের ভিতরের অংশে রং করা বাবদ ৭০,০০০/-(সত্তর হাজার) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং বিল ভাউচারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| | বিবিধ-০৪:-আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট জানান, উপজেলা ক্যাম্পাসের ঝড়ে পড়া ০২ টি গাছ ও ০২ টি কর্তিত গাছের কাঠের পরিমান ও সরকারি মূল্য (১৬২৫+৬৯৭১)=৮,৫৯৬/- টাকা রেঞ্জ বন কর্মকর্তা, সিলেট রেঞ্জ কর্তৃক নির্ধারণ করা হয় । সিলেট সদর উপজেলা পরিষদের মালিকানাধীন মরা, ঝড়ে উপড়ে পড়া বিভিন্ন ধরনের গাছ বিক্রয়ের লক্ষ্যে কাঠের পরিমান ও সরকারি নিয়মে কাঠের সম্ভাব্য মূল্য নির্ধারণ বিষয়ক কমিটির গত ১১ মার্চ ২০২৪ খ্রি: তারিখের সভার উক্ত কাঠের পরিমান ও সরকারি মূল্য অনুমোদিত হয় এবং নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয় ।তিনি নিলামে বিক্রির লক্ষ্যে অদ্য সভায় অনুমোদন পূর্বক জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের অনুমোদন গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন । | ০৪) উপজেলা ক্যাম্পাসের ঝড়ে পড়া ০২ টি গাছ ও ০২ টি কর্তিত গাছের কাঠের পরিমান ও সরকারি মূল্য (১৬২৫+৬৯৭১)=৮,৫৯৬/-(আট হাজার পাঁচশত ছিয়ানব্বই) টাকা অনুমোদিত হয় এবং নিলামে বিক্রির লক্ষ্যে জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । | |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৭/৩/২৫

খোশনূর রুবাইয়াৎ
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।
তারিখ: ২৭/০৩/২০২৫ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ২২(৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৪। জেলা প্রশাসক, সিলেট ।
৫। উপজেলা ----------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৬। চেয়ারম্যান,--------------------- -------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৭। জনাব/বেগম,---------------------------------সিলেট সদর, সিলেট ।
০৮। অফিস নথি।

২৭/৩/২৫

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব মো: মাহবুবুল ইসলাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(আর্থিক ও প্রশাসনিক), ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ০৯) | জনাব মো: ছমির উদ্দিন | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১০) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১১) | ডা: আনিসুল ইসলাম | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১২) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । |
| ১৩) | জনাব শীর্ষেন্দু পুরকায়স্থ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৪) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ১৫) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৬) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৭) | জনাব নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । |

| | | |
|---|---|---|
| ১৮) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২০) | মিজ্ নিলুফার ইয়াসমিন | প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২১) | জনাব মো: কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |
| ২২) | মিজ্ শারমীন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | মিজ্ রহিমা বেগম এনি | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৫) | জনাব মো: গোলাম কিবরিয়া | উপজেলা আনাসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৬) | জনাব শংকর কুমার দাশ | উপজেলা পরিসংখ্যান অফিসার(চ:দা), সিলেট সদর, সিলেট। |
| ২৭) | জনাব শ্যামল চন্দ্র দাস | আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট। |

<u>সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)</u>

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব মো: শহিদুল্লাহ | ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ |
| ০৩) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |